



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা  
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.১৮-১৩

তারিখ: ০৫ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ


### প্রজ্ঞাপন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১২(২) ধারা অনুযায়ী রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবসরপ্রাপ্ত), বিএসপি, এনডিসি, পিএসসি (পি নং ৩৪৪)-কে পূর্বের নিয়োগের ধারাবাহিকতায় ০১.০২.২০২২ হতে ৩১.০১.২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অথবা যোগদানের তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য উক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

- (ক) ভাইস চ্যান্সেলর পদে এ নিয়োগের মেয়াদ ০১.০২.২০২২ খ্রিষ্টাব্দ তারিখ অথবা যোগদানের তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য কার্যকর হবে;
- (খ) ভাইস চ্যান্সেলর পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন এবং ভাইস চ্যান্সেলর পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;
- (গ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন; এবং
- (ঘ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে,

  
(মোঃ মাসুম আহমেদ)  
উপসচিব

ফোন : +৮৮ ০২২২৩৩৯০৬৭২

ই-মেইল: ds\_stp@moedu.gov.bd

চলমান পাতা-০২

পাতা নং-০২

নং-৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.১৮-১৩

তারিখ: ০৫ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬. উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ।
৭. রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবসরপ্রাপ্ত), বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৩৪৪), বাংলাদেশ নৌবাহিনী।
৮. সশস্ত্র বাহিনী বিভাগ, প্রশাসন ও ব্যবস্থাপনা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস।
৯. নৌবাহিনী সদর দপ্তর, নৌ সচিবালয়, বনানী, ঢাকা।
১০. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
১৪. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৫. রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ।
১৬. পি. আই. ডি. তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৮. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. অফিস কপি/ সংরক্ষণ কপি।